

গেল শুক্রবার বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) নতুন সভাপতির দায়িত্ব পেয়েছেন আমিনুল ইসলাম বুলবুল। দায়িত্ব গ্রহণের পরই বেশ ব্যস্ত সময় কাটাচ্ছেন। ইতোমধ্যে নানা পরিকল্পনা শুরু করে দিয়েছেন সাবেক এই ক্রিকেটার। বোর্ড পরিচালকদের সঙ্গে মিটিং করেছেন। দেখা করেছেন যুব ও ক্রীড়া উপদেষ্টার সঙ্গেও।

এরই মধ্যে জানা যাচ্ছে, পবিত্র ঈদুল আযহা পালন করতে অস্ট্রেলিয়ায় যাচ্ছেন বিসিবি সভাপতি। অনেক আগে থেকেই অস্ট্রেলিয়াতে থিতু হয়েছে বুলবুলের পুরো পরিবার। দেশের দায়িত্ব নেওয়ার ডাকে বুলবুল বাংলাদেশে ফিরলেও তার পরিবার সেখানেই আছেন। যার ফলে ঈদকে সামনে রেখে দূর দেশে তার পরিবার কাছে ছুটে যাচ্ছেন তিনি।

আজ মঙ্গলবার রাতেই দেশ ছাড়বেন বিসিবি সভাপতি। তবে কবে নাগাদ আবার দেশে ফিরবেন সেটি অবশ্য এখনো নিশ্চিত হওয়া যায়নি। ঈদের পরই আইসিসির একটি মিটিং রয়েছে, সেখানে যোগ দেবেন বিসিবি সভাপতি। এরপরই ফিরবেন ঢাকায় এমনটি ধারণা করা হচ্ছে।

আমিনুল ইসলাম বুলবুল বাংলাদেশ ক্রিকেট বিসিবি

